পাকিস্তানের জন্য বুশের হাজার হাজার ডলারের অর্থ ছাড় পশ্চিমাদের ব্যর্থতায় সন্ত্রাসের বিস্তৃতি ঘটেছে : সাবেক পাক জেনারেল

ইনকিলাব ডেস্ক : সন্ত্রাস বিরোধী লড়াইয়ে পাকিস্তান এই বছরে যুক্তরাস্ত্রের কাছ থেকে হাজার হাজার ডলারের তহবিল পেতে যাচ্ছে বলে জানা গেছে। মার্কিন প্রেসিডেন্ট জর্জ ডব্লিউ বুশ সন্ত্রাস বিরোধী লড়াইয়ে পাকিস্তানের ভূমিকা আরো জোরদার করতে এই অর্থ ছাড়ের ব্যবস্থা করেন বলে হোয়াইট হাউস জানিয়েছে। সম্প্রতি ইসলামাবাদে নতুন সরকার দায়িত্ব গ্রহণের প্রেক্ষাপটে হোয়াইট হাউস একথা জানায়।

এদিকে পাকিস্তানের প্রেসিডেন্ট জেনারেল পারভেজ মোশাররফের একজন সাবেক সিনিয়র সহযোগী অভিযোগ করেছেন যে, আফগানিস্তানে যুক্তরাস্ত্র ও ব্রিটেনের ব্যর্থতার কারণেই পাকিস্তানে সন্ত্রাসের বিস্তৃতি ঘটেছে।

জানা যায়, গত সোমবার পররাস্ত্র মন্ত্রণালয়ে প্রেরিত এক স্মারকে প্রেসিডেন্ট জর্জ ডব্লিউ বুশ নিজ কর্তৃত্ববলে পাকিস্তানের ওপর থেকে এ সংক্রান্ত একটি নিষেধাজ্ঞা তুলে নেন। যে আইনের মাধ্যমে সামরিক অভ্যুত্থানের মধ্যদিয়ে ক্ষমতা দখলের কারণে দেশটিতে অর্থায়নের ওপর কিছুটা কড়াকড়ি আরোপ করা হয়। এর ফলে ২০০৩ সাল থেকে সন্ত্রাস বিরোধী লড়াইয়ে প্রতিবছর বুশ প্রশাসন পাকিস্তানকে অর্থ সাহায্যের যে প্রতিশ্রুতি দেয়, তা প্রাপ্তির পথ উন্মুক্ত হলো।

গত মঙ্গলবার হোয়াইট হাউস জানায়, প্রেসিডেন্ট বুশ পাকিস্তানের নিরাপত্তা সহায়তায় ৩০ কোটি মার্কিন ডলার প্রদানে মার্কিন কংগ্রেসের প্রতি অনুরোধ জানিয়েছেন। হোয়াইট হাউস মুখপাত্র গর্ডন জনদ্রোয়ি বলেন, যদিও বুশ প্রশাসন পাকিস্তানের মানবাধিকার পরিস্থিতি নিয়ে উদ্বিগ্ন কিন্তু, তা সত্ত্বেও যুক্তরাস্ত্র সন্ত্রাস বিরোধী লড়াইয়ে দেশটিকে আরো ঘনিষ্ঠ মিত্র হিসেবে পেতে চায়। তিনি বলেন, সন্ত্রাস বিরোধী লড়াইয়ে পাকিস্তান তাদের গুরুত্বপূর্ণ সহযোগী এবং পাকিস্তান সরকার এ লড়াইয়ে তাদের সেনাবাহিনী, পুলিশ ও গোয়েন্দা সংস্থাকে যথাযথভাবে কাজে লাগিয়ে ব্যাপক সাফল্য অর্জন করেছে, বহু সন্ত্রাসী ও জঙ্গীকে বিচারের মুখোমুখি করেছে।

এদিকে প্রেসিডেন্ট পারভেজ মোশাররফের একজন সাবেক সহযোগী লেঃ জেনারেল ওরাকজাই দৈনিক টেলিগ্রাফকে দেয়া তার প্রথম সাক্ষাৎকারে অভিযোগ করে বলেছেন, আফগানিস্তানে পশ্চিমাদের ব্যর্থতার কারণেই পাকিস্তানে সহিংসতা ছড়িয়েছে। সাবেক এই জেনারেল এই বছরের শুরুতে নিজ প্রদেশ উত্তর প্রদেশ সীমান্ত প্রদেশের গভর্নর-এর পদ থেকে পদত্যাগ করেন। জেনারেল ওরাকজাই বলেন, যুক্তরাষ্ট্র পাকিস্তানের কাছে অনেক কিছু চায়, তারা চায় পাকিস্তান তার নিজ দেশের অধিবাসীদের ওপর আরো বেশী বোমাবর্ষণ করুক ও নিরীহ লোকজনকে অকারণে হত্যা করুক। তারা সবসময় আলকায়েদার অজুহাতে উপজাতি ও পাহাড়ি এলাকায় হামলা চালিয়ে লোকজনকে প্রতিশোধ পরায়ণ করে তুলছে। উপজাতি এলাকার অধিবাসী ওরাকজাই বলেন, আমরা কেউই সন্ত্রাসের বিরুদ্ধে লড়াইয়ের বিপক্ষে নই, কিন্তু যুক্তরাষ্ট্র আমাদের কাছে অনেক বেশী প্রত্যাশা করে। এ জন্য পাকিস্তান খুব খারাপ অবস্থানে আছে বলে তিনি উল্লেখ করেন।

সস্ত্রীক দু'দিনের ব্রিটেন সফরে সারকোজি সম্পর্ক জোরদারে আগ্রহী ফরাসী প্রেসিডেন্ট

বিবিসি অনলাইন : ফরাসী প্রেসিডেন্ট নিকোলাস সারকোজি ব্রিটেন ও ফ্রান্সের একযোগে কাজ করে যাওয়ার এবং পারস্পরিক আস্থা গড়ে তোলার ওপর জোর দিয়েছেন। ব্রিটেনে তার প্রথম রাষ্ট্রীয় সফরের প্রাক্কালে সারকোজি এই আশাবাদ ব্যক্ত করেছেন। দুই দিনের সফরে সারকোজি গতকাল লন্ডন পৌঁছেন। ১২ বছরের মধ্যে কোন ফরাসী প্রেসিডেন্টের এটাই প্রথম ব্রিটেন সফর। সফরকালে উইন্ডসর ক্যাসেলে ব্রিটেনের রাণীর আতিথেয়তা গ্রহণ এবং ব্রিটিশ পার্লামেন্টের উভয় পরিষদে তার ভাষণ দেয়ার কথা। আফগানিস্তানে বিভিন্ন দেশের আর্থিক সহায়তা থেকে শুরু করে অন্যান্য অনেক বিষয়ে নিয়ে তিনি প্রধানমন্ত্রী গর্ডন ব্রাউনের সঙ্গে আলাপ করবেন। উভয় নেতা অবৈধ অভিবাসন ও পারমাণবিক জ্বালানি প্রশ্নে সহযোগিতার নতুন ক্ষেত্র উন্মোচন করবেন বলে ধারণা করা হচ্ছে। সারকোজির সঙ্গে রয়েছেন তার নতুন স্ত্রী সুপার মডেল ও জনপ্রিয় কণ্ঠশিল্পী কারলা ব্রুনি ও তার মাতা। বিবিসি রেডিও'র সঙ্গে এক সাক্ষাৎকারে ফরাসী নেতা তার ভাষায় বৃটেনের শক্তি ও গতিশীলতার প্রশংসা করেন। তিনি বলেন, এই উভয় দেশের সহযোগিতা ও সম্পদ আহরণের নতুন নতুন ক্ষেত্র খুঁজে বের করার সময় এসেছে। তিনি বলেন, অনেক দিন হলো আমরা যুদ্ধের মধ্যে নেই কোন বিতর্কের মধ্যেও নেই। তিনি বলেন, আমার প্রথম বার্তা হচ্ছে, সম্ভবত আমরা আন্তরিক সম্পর্কের গণ্ডি পেরিয়ে এখন বন্ধুত্বের পর্যায়ে উপনীত হতে পারি। তিনি বলেন, আমার দ্বিতীয় বার্তা হচ্ছে, এই বন্ধুত্ব কেবল নীতিগত হবে না। সম্পর্কের এই পরিধি অর্থনীতি, অভিবাসন, নিরাপত্তা ও প্রতিরক্ষার মতো ক্ষেত্রগুলোতে সম্প্রসারিত হবে। উইন্ডসর ক্যাসেলে মধ্যাহ্ন ভোজের পর তার ওয়েস্ট মিনিস্টার এবেতে নাম না জানা যোদ্ধাদের সমাধিতে পুষ্পস্তবক অর্পণ করার কথা। পরে রয়্যাল গ্যালারিতে পার্লামেন্টের উভয় পরিষদে তার ভাষণ দেয়ার কথা। আজ (বৃহস্পতিবার) তিনি উত্তর লন্ডনে আরসেনাল ফুটবল ক্লাবের অ্যামিরেটস্ স্টেডিয়ামে যৌথভাবে ফ্রাঙ্কো-ব্রিটিশ শীর্ষ সম্মেলনের আয়োজন করবেন।

সোমালিয়ায় আসন্ন দুর্যোগ সম্পর্কে সাহায্য সংস্থাগুলোর হুঁশিয়ারি

আজ নিরাপত্তা পরিষদের বৈঠক

বিবিসি অনলাইন ঃ সোমালিয়ায় আসন্ন দুর্যোগ সম্বন্ধে সতর্ক করে দিয়েছে সেখানকার ও আন্তর্জাতিক সাহায্য সংস্থাগুলো। এই সাহায্য সংস্থার কর্মকর্তারা গত বছরই এই সতর্কতা জারি করলেও যথোপযুক্তভাবে তা মোকাবিলার ব্যবস্থা না করায় তারা আবারো জোর তাকিদ দিয়েছে। তবে আজ জাতিসংঘ নিরাপত্তা পরিষদ সোমালিয়ার দুর্যোগের ব্যাপারে এক বৈঠকে মিলিত হবে।

সংবাদ সূত্রে প্রকাশ, ৪০টি দেশীয় ও আন্তর্জাতিক সাহায্যসংস্থা জানায়, অসন্ন দুর্যোগ হবে মারাত্মক। কারণ, সেখানে সন্ত্রাস ও খাদ্যাভাব দেশের দরিদ্র মানুষদের স্থান ত্যাগে বাধ্য করে আসছে। সোমালিয়া থেকে প্রতি মাসে প্রায় ২০ হাজার লোক দেশের মাটি ছেড়ে অন্য দেশের জনপদে আশ্রয় নিতে বাধ্য করেছে।

সংবাদ সূত্রে আরো জানানো হয়েছে, ইতোমধ্যে সোমালিয়া থেকে লাখ লাখ লোক দেশ ত্যাগ করেছে। বিশেষত গত বছর ইসলামপন্থী স্বাধীনতাকামীদের রাজধানী ছাড়া করার পরে সংকট আরো ঘনীভূত হয়েছে। রাজধানী মুগাদিসুতে যেমন সরকারী সেনা অবস্থান করছে তেমনি সেখানে রয়েছে ইথিওপিয়ার বিদেশী সেনাবাহিনী। এতো কিছুর পরেও প্রতি রাতেই মুগাদিসুতে ইসলামপন্থী বিদ্রোহীরা গোলাবর্ষণ করে আসছে। তাতে বিদেশী সাহায্য সংস্থাসমূহ ও জাতিসংঘ সহজভাবে জনগণকে উদ্ধার তৎপরতা দেখাতে ও ত্রাণ কাজ করতে পারছে না।

সংবাদ সূত্রে প্রকাশ, গত সপ্তাহে জাতিসংঘ মহাসচিব বান কি মুন সোমালিয়ায় ২৭ হাজার শান্তি রক্ষা সেনা মোতায়েন সম্বন্ধে আলোচনা করছেন। এবং আজ জাতিসংঘ নিরাপত্তা পরিষদ সোমালিয়ায় আসন্ন দুর্যোগ মোকাবিলার জন্য এক বৈঠকে মিলিত হবে।

ইরাক যুদ্ধের নিরপেক্ষ তদন্তের দাবীতে ব্রিটিশ পার্লামেন্টে ভোট বিরোধীদের চাপের মুখে সরকার আপাতত রক্ষা পেয়েছে

বিবিসি অনলাইন : ইরাক যুদ্ধের নিরপেক্ষ তদন্তের দাবীতে ব্রিটিশ পার্লামেন্টে ভোট অনুষ্ঠিত হয়েছে। এই যুদ্ধে ব্রিটেনের যোগদান প্রশ্নে অবিলম্বে নিরপেক্ষ তদন্ত শুরু করতে রক্ষণশীলদের চাপ সৃষ্টির একটি উদ্যোগ থেকে সরকার আপাতত রক্ষা পেয়েছে। লিবারেল ডেমোক্র্যাটস্ ও লেবার দলের ১২ জন বিরোধীর সমর্থিত এই প্রস্তাবটির পক্ষে ২৭১টি ও বিপক্ষে ২৯৯টি ভোট পড়ে। তবে ইরাকে গুরুত্বপূর্ণ অভিযান শেষ হওয়ার পরই কেবলমাত্র এ ধরনের তদন্ত যথার্থ হবে তা স্বীকার করে নিয়ে সরকারের আনীত একটি সংশোধনী পক্ষে ২৯৯ ও বিপক্ষে ২৫৯ ভোটে পাস হয়। গত মঙ্গলবার অনুষ্ঠিত ঐ ভোটের পূর্বে প্রধানমন্ত্রী গর্ডন ব্রাউন বলেছিলেন, যথাসময়ে তদন্ত হবে। তবে এই মুহূর্তে এ ধরনের কোন তদন্ত হলে তা হবে ইরাকে মোতায়েন ব্রিটিশ সৈন্যকে সরিয়ে আনা। কনজারভেটিভরা ইরাকে মার্কিন নেতৃত্বাধীন হামলার পঞ্চম বার্ষিকী উদযাপন করে এবং একটি নিরপেক্ষ সরকারী তদন্ত অনুষ্ঠানের জন্য ব্রাউনের উপর চাপ বৃদ্ধির লক্ষ্যে বিরোধী দলের নেতৃত্বে একটি বিতর্কের আয়োজন করে। বিতর্কের উদ্বোধন করে ছায়া পররাষ্ট্রমন্ত্রী উইলিয়াম হেগ বলেন, এখনই তদন্তের যথার্থ সময়- কেননা এতদসংক্রান্ত ফাইল ও ইমেইল এবং স্মৃতিগুলো এখনো বিলুপ্ত হয়ে যায়নি। তিনি এমপিদের বলেন, এ ধরনের তদন্তের জন্য তারা ভোট দিলে সরকারের এ ব্যাপারে কিছু করার থাকবে না। তিনি বলেন, ২০০৩ সালে ইরাকে মার্কিন নেতৃত্বাধীন হামলার ব্যাপারে ভোট প্রদানের তিনি রিরোধী নন, তবে যে সিদ্ধান্তের ফলে ইরাকে হামলা হয়েছিল তা থেকে শিক্ষা নেয়ার প্রয়োজন রয়েছে। এই তদন্ত ইরাক পুনর্গঠন থেকে দৃষ্টি অন্যদিকে সরিয়ে নেবে বলে যে দাবী করা হয়েছে তাকে হাস্যকর বলে উল্লেখ করে তিনি তা নাকচ করে দেন। এই তদন্ত ইরাকে মার্কিন সৈন্যদের অবস্থানকে ক্ষতিগ্রস্ত করবে বলে সরকারের যুক্তিকেও তিনি প্রত্যাখ্যান করেছেন।

ফোর্ডের জাগুয়ার ও ল্যান্ড রোভার কিনে নিচ্ছে ভারতের টাটা

বিবিসি অনলাইন : প্রখ্যাত কার প্রস্তুতকারী প্রতিষ্ঠান ফোর্ড তার যুক্তরাজ্যভিত্তিক বিলাসবহুল গাড়ি মারকুয়েজ জাগুয়ার ও ল্যান্ড রোভার ভারতীয় কোম্পানি টাটার কাছে বিক্রি করে দিচ্ছে। ভারতের সর্ববৃহৎ গাড়ি নির্মাণকারী কোম্পানি টাটা এ লক্ষ্যে চুক্তি অনুযায়ী প্রাথমিকভাবে ২শ' কোটি মার্কিন ডলার পরিশোধ করতে যাচ্ছে বলে জানা গেছে। যদিও এর প্রকৃত মূল্য নির্ধারণ ও বিক্রয় নীতিমালা চূড়ান্তে কাজ চলছে। গত জুনে একটি প্যাকেজ প্রস্তাবের আওতায় ফোর্ড এসব প্রতিষ্ঠান বিক্রির ঘোষণা দেওয়ার পর টাটা তা কেনার ব্যাপারে আগ্রহ প্রকাশ করে এবং এর বিক্রয় প্রক্রিয়া শুরু হয়। জাগুয়ার ও ল্যান্ড রোভারে কর্মরত প্রায় ১৬ হাজার কর্মকর্তা-কর্মচারীকে ওয়েস্ট মিডিয়্যান্ডস ও মার্সিসাইডে আত্তীকরণ করা হবে। যুক্তরাজ্যের মোটর শ্রমিক ইউনিয়ন জানায়, টাটাই সবচেয়ে গ্রহণযোগ্য দরদাতা এবং তারা কোম্পানির বিদ্যমান আগামী ৫ বছরের উন্নয়ন ও বিনিয়োগ পরিকল্পনা মেনে নিয়েই এটি ক্রয় করতে যাচ্ছে।

ম্যাককেইন প্রেসিডেন্ট হলে যুক্তরাষ্ট্রের সঙ্গে সম্পর্ক আরো খারাপ হতে পারে : শ্যাভেজ

রয়টার্স : ভেনিজুয়েলার প্রেসিডেন্ট হুগো শ্যাভেজ হুঁশিয়ার করে দিয়েছেন যে, এ বছর মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনে রিপাবলিকান প্রার্থী জন ম্যাককেইন বিজয়ী হলে ওয়াশিংটনের সঙ্গে তার দেশের সম্পর্ক আরো খারাপ

হতে পারে। কট্টর মার্কিন সমালোচক ও কমিউনিস্ট নেতা শ্যাভেজ মঙ্গলবার বলেন, তিনি আশা করছেন তার আদর্শিক শত্রু বর্তমান মার্কিন প্রেসিডেন্ট জর্জ ডব্লিউ বুশ আগামী বছর হোয়াইট হাউস ত্যাগ করলে যুক্তরাষ্ট্র ও ভেনিজুয়েলা একসঙ্গে আরো ভালভাবে কাজ করতে পারবে। তবে বুশের মত যুদ্ধবাজ ম্যাককেইন হলে তা সম্ভব হবে না। শ্যাভেজ বিদেশী সাংবাদিকদের বলেন, কখনো কখনো কেউ কেউ বলেছেন, বুশের মত খারাপ লোক দেখাই ভার। এটা সত্য কিনা তা আমরা জানি না। তবে ম্যাককেইন বুশের মতই যুদ্ধবাজ হবেন বলে মনে হচ্ছে। প্রেসিডেন্ট বুশকে 'শয়তান', 'গাধা' ও 'মিস্টার ডেঞ্জার' হিসাবে বর্ণনাকারী শ্যাভেজ ল্যাটিন আমেরিকায় সাম্রাজ্যবাদী পরিকল্পনা বাস্তবায়নের অপচেষ্টা চালাবার জন্য যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে অভিযোগ করে বলেন, হোয়াইট হাউজ তাকে ক্ষমতাচ্যুত করার পাঁয়তারা করছে। এদিকে ম্যাককেইন শ্যাভেজকে একজন একনায়ক এবং কিউবার নেতা ফিদেল ক্যাস্ট্রোর অনুকরণকারী হিসেবে অভিহিত করেছেন।

ভবন ধসে গেছে

বিবিসি অনলাইন ঃ নরওয়ের একটি পাকা ভবন ধসে গিয়েছে বলে জানা গেছে। এই দুর্ঘটনাটি ঘটেছে গত মঙ্গলবার দিন গত রাতে সাগর সৈকত শহর আলেসুন্দে। উদ্ধারকারীরা জানিয়েছে, ভবনটি ধসে পড়ার সময়ে সেই ভবনে কমপক্ষে ২০ জন আটকা পড়ে। ধারণা করা হচ্ছে, ধ্বংসস্তূপের মধ্যে থাকা কেউ কেউ এখনো বেঁচে আছে। তাদের উদ্ধার করার জন্য চেষ্টা চালিয়ে যাচ্ছে উদ্ধারকারী দল। ভবনটি কী কারণে ধসে গেছে তা এখনো জানা যায়নি।

অভিযান শুরু

বিবিসি আনলাইন ঃ কমোরোর সেনাবাহিনী আনজোয়ান দ্বীপে নতুন করে বিদ্রোহীদের আটক করার অভিযান শুরু করেছে। এই অভিযান শুরু করতে আফ্রিকান ইউনিয়নের দেড় হাজার সেনা নিয়োজিত হয়েছে কমোরোর সেনাবাহিনীর সঙ্গে। কমোরোর দলচ্যুত সেনাবাহিনীর অফিসার কর্নেল মোহাম্মদ বেকার পরাজিত হয়ে নারীর পোশাক পরে পালিয়ে যান। আনজোয়ান দ্বীপটি এখন সরকারী বাহিনী ও আফ্রিকান ইউনিয়ন বাহিনীর দখলে রয়েছে। গত মঙ্গলবার দলচ্যুত বিদ্রোহীদের বিরুদ্ধে কমোরোর সেনাবাহিনী অভিযান শুরু করে।

৩ জনের প্রাণহানি

এএফপি ঃ ফিলিপাইনের উত্তরাঞ্চলের কমিউনিস্টদের বিরুদ্ধে এক সামরিক অভিযানে ৩ জনের প্রাণহানি হয়েছে। নিহতদের মধ্যে ২ জন সেনাসদস্য ও ১ জন কমিউনিস্ট বিদ্রোহী রয়েছে। গত মঙ্গলবার জানানো হয়েছে, ৮ দিন ধরে ফিলিপাইনের সেনাবাহিনী কমিউনিস্ট বিদ্রোহীদের দমন করার জন্য অভিযানে নেমেছে। তাবো শহরের পূর্বাঞ্চলে কমিউনিস্টদের বিদ্রোহীদের আড্ডায় সেনাবাহিনী গোলাগুলি শুরু করলে দু'পক্ষের মধ্যে যুদ্ধ শুরু হয়ে যায়। যুদ্ধে ২ সেনাসদস্য নিহত হয় এবং আহত হয় আরো ৬ জন।

কিশোরের ধাক্কায়

এএফপি ঃ জাপানের এক কিশোর প্লাটফর্মে দাঁড়িয়ে থাকা একটি লোককে চলন্ত ট্রেনের সামনে ধাক্কা দিয়ে ফেলে দিলে সে গাড়ির চাকার তলে পড়ে নিহত হয়। পুলিশ এই ঘটনার সাথে জড়িত থাকায় ১৮ বছর বয়স্ক কিশোরকে গ্রেফতার করে। জানা যায়. গত মঙ্গলবার ওকায়ামা শহরের পশ্চিমাংশের একটি স্টেশনে দাঁড়িয়ে থাকা অবস্থায় কিশোরটি তার সামনে দিয়ে ছুটে যাওয়া ট্রেনের তলায় ৩৮ বছর বয়স্ক পুনিয়াকি কারিয়াকে ধাক্কা দিয়ে ফেলে দেয়।

কার্গো ডুবিতে মৃত্যু

এএফপি ঃ ভিয়েতনামের মধ্যাঞ্চলে নৌ-পথে একটি কার্গো ডুবিতে চার নাবিকের মৃত্যু হয়েছে এবং নিখোঁজ অপর দু'জনের মৃত্যুর আশংকা করা হচ্ছে। গতকাল এক পুলিশ কর্মকর্তা জানান, কুয়াং বিন প্রদেশের দাই

গিয়াং নদীতে মঙ্গলবার দুপুরের দিকে ১৬ জন নাবিকসহ কাঠ বহন করে নিয়ে যাওয়ার সময় নৌযানটি ডুবে যায়। ঘটনার পর এর ১০ জন নাবিক সাঁতার কেঁটে উঠে আসে। দুর্ঘটনাবশত কার্গোটি ডুবে যায় এবং দ্বিতীয় কোন নৌযানের সঙ্গে এর সংঘর্ষ হয়নি উল্লেখ করে স্থানীয় পুলিশ কর্মকর্তা বলেন, 'আমরা এ পর্যন্ত চারজনের লাশ উদ্ধার করেছি।